

লিখিত নিয়োগ পরীক্ষার সাধারণ জ্ঞান

তারিখ: ২২/১২/২৩ ও ২৩/১২/২৩

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (অফিস সহকারী কাম-কম্পিউটার)

১। কোন চুক্তি অনুযায়ী ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ম্যাসট্রিচট চুক্তি (Maastricht Treaty)।

ব্যাখ্যা: ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারি নেদারল্যান্ডের ম্যাসট্রিচটে ইউরোপীয় সম্প্রদায়ের সদস্যদের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয় যা ম্যাসট্রিচট (Maastricht Treaty) চুক্তি নামে পরিচিত। ১ নভেম্বর ১৯৯৩ সালে এই চুক্তি কার্যকর হয় যার ফলে 'ইউরোপীয় ইউনিয়ন' এবং ইউরোপের একক মুদ্রা হিসেবে 'ইউরো' চালু হয়।

২। বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর গোড়া পত্তন করেন কে?

উত্তর: ঈশা খাঁ।

ব্যাখ্যা: ঈশা খাঁর রাজধানী ছিল সোনারগাঁও। ঈশা খাঁর স্ত্রী সোনাবিবির নামে সোনারগাঁও এর নামকরণ করা হয়। এখানে সোনাবিবির মাজার, পাঁচবিবির মাজার, গিয়াস উদ্দিন আযম শাহের সমাধি, ইব্রাহীম দানিশমান্দ - এর দরগা ইত্যাদি নানারকম স্থাপনা রয়েছে।

৩। বাংলাদেশের সাংবিধানিক নাম কী?

উত্তর: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

ব্যাখ্যা: সাংবিধানিক নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। ইংরেজিতে যাকে Peoples Republic of Bangladesh বলা হয়।

৪। কোন বিদেশী রাষ্ট্র প্রধান প্রথম বাংলাদেশের জাতীয় সংসদে ভাষণ দেন?

উত্তর: মার্শাল জোসেফ টিটো।

ব্যাখ্যা: যুগোস্লাভিয়ার তৎকালীন প্রেসিডেন্ট মার্শাল জোসেফ টিটো ৩১ জানুয়ারি ১৯৭৪ কোনো বিদেশী রাষ্ট্রপ্রধান হিসেবে প্রথম জাতীয় সংসদে ভাষণ দেন।

৫। 'ছিয়াত্তরের মনন্তর' বাংলা কোন সালে হয়?

উত্তর: বাংলা ১১৭৬ সালে হয়।

ব্যাখ্যা: ছিয়াত্তরের মনন্তর বাংলার ইতিহাসে সর্বাপেক্ষা ভয়াবহ দুর্ভিক্ষ নামে পরিচিত। ১১৭৬ বঙ্গাব্দে (খ্রি. ১৭৭০) এই দুর্ভিক্ষ হয়েছিল বলে একে 'ছিয়াত্তরের মনন্তর' বলা হয়।

৬। মুক্তিযুদ্ধে সর্বশেষ শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ?

উত্তর: বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাজীর।

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সময় ৭ জন বীরশ্রেষ্ঠদের অবদান অবিস্মরণীয়। মহিউদ্দিন জাহাজীর ছিলেন তাঁদের মধ্যে অন্যতম। বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার রহিমগঞ্জ গ্রামে জন্মগ্রহণ করেন। জন্ম- ৭ই মার্চ ১৯৪৯ সাল। মুক্তিযুদ্ধের সময় তিনি ৭নং সেক্টরের অধীনে ছিলেন। মহানন্দা নদীর তীরে শত্রুর প্রতিরক্ষা ভাঙ্গার প্রচেষ্টায় ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে তিনি শহীদ হন।

৭। 'তমদ্দুন মজলিস' সংগঠনটি কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত?

উত্তর: ৫২'এর ভাষা আন্দোলন।

ব্যাখ্যা: তমদ্দুন মজলিস ১৯৪৭ সালের ১ বা ২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাসেম কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশের, (তৎকালীন পূর্ব পাকিস্তান) একটি ইসলামী সাংস্কৃতিক সংগঠন। পাকিস্তান প্রতিষ্ঠার পর প্রথম বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে দাবি তুলে তমদ্দুন মজলিস বাংলা ভাষা আন্দোলন সূচনা করে।

৮। "ম্যাকমোহন লাইন" কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে?

উত্তর: ভারত ও চীন।

ব্যাখ্যা: ম্যাকমোহন লাইন ১৯১৪ সালে সিমলা চুক্তির মাধ্যমে ব্রিটেন ও তিব্বতের স্বীকৃত হয়। বর্তমানে এটি ভারত ও চীনের মধ্যে আইন স্বীকৃত সীমানা, যদিও চীন সরকার একে বিতর্কিত অংশ বলে মনে করে।

৯। আনুষ্ঠানিকভাবে বিশ্ব ঐতিহ্য এলাকা কোন সংস্থা ঘোষণা করেন?

উত্তর: ইউনেস্কো (UNESCO)

ব্যাখ্যা: ইউনেস্কো জাতিসংঘের একটি শিক্ষা, সংস্কৃতি ও শিশু বিষয় সংস্থা। যা ৪ নভেম্বর ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত হয়। এই সংস্থা ১৭ নভেম্বর ১৯৯৯ সালে বাংলাদেশকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করেন।

১০। “Extradition Treaty” কী?

উত্তর: অপরাধী প্রত্যর্পণ চুক্তি।

ব্যাখ্যা: এটি একটি বহিঃসমর্পণ চুক্তিও বলে। যা এক দেশের অপরাধীকে চুক্তির মাধ্যমে তার নিজ দেশে ফেরত পাঠানো হয়।

১১। ব্যাকল্যান্ড বাঁধ কোন নদীর তীরে অবস্থিত?

উত্তর: বুড়িগঙ্গা।

ব্যাখ্যা: বাংলাদেশের পুরান ঢাকার বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত ব্যাকল্যান্ড বাঁধ একটি তাৎপর্যপূর্ণ স্থাপত্যকীর্তি। ১৮৬৪ সালে ঢাকার তৎকালীন কমিশনার চার্লস থমাস ব্যাকল্যান্ড কর্তৃক বাঁধটি নির্মিত হয়।

১২। “CPP” কোন দুর্ঘটনা নিয়ে কাজ করে?

উত্তর: ঘূর্ণিঝড়।

ব্যাখ্যা: CPP এর পূর্ণরূপ হলো Cyclone Preparedness Programme. যা ঘূর্ণিঝড় এর সময় আগাম প্রস্তুতি নিয়ে কাজ করে।

১৩। বালিয়াটি জমিদার বাড়ি কোন উপজেলায় অবস্থিত?

উত্তর: মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলায়।

ব্যাখ্যা: বাংলাদেশের ১৯ শতকে নির্মিত অন্যতম জমিদার বাড়িটি ঢাকা বিভাগের মানিকগঞ্জ জেলা সদর হতে আনুমানিক ৮ কিলোমিটার পশ্চিমে এবং ঢাকা জেলা সদর হতে ৩৫ কিলোমিটার দূরে অবস্থিত। এই জমিদার বাড়িটিকে বালিয়াটি প্রাসাদ বলেও ডাকা হয়। গোবিন্দ রাম সাহা এটির গোড়া পত্তন করেন।

১৪। “ছয় দফা” কোথায় ঘোষিত হয়?

উত্তর: লাহোরে।

ব্যাখ্যা: ১৯৬৬ সালে ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে মোহাম্মদ আলীর বাসভবনে শেখ মুজিবুর রহমান ছয় দফা কর্মসূচী পেশ করেন। তারই পেরিপ্রেক্ষিতে প্রতিবছর ৭ জুন ছয় দফা দিবস পালিত হয়।

১৫। “Green Peace” কোন দেশের পরিবেশবাদী সংগঠন?

উত্তর: নেদারল্যান্ডের।

ব্যাখ্যা: গ্রিনপিস হলো একটি বেসরকারী আন্তর্জাতিক পরিবেশবাদী সংস্থা। বিশ্বের ৫৫ টি দেশে এর শাখা রয়েছে যা নেদারল্যান্ডের আমস্টারডাম থেকে পরিচালিত হয়।